দৈনিক ইনকিলাব

তারিখ ... 02 FEB 1997 ...
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৪ ...

22

### ছাত্র সংগঠনগুলোর মধ্যে সমঝোতার উদ্যোগ ব্যর্থ

# ঝুঁকিপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে খোলা হচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয় শান্তিপূর্ণ পরিবেশে খোলার লক্ষ্যে গঠিত সমঝোতা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে ছাত্র সংগঠনগুলোর মধ্যে সমঝোতা প্রতিষ্ঠায় ব্যর্থ হয়েছে। গতকাল (শনিবার) ক্যাম্পাসে অনুষ্ঠিত সর্বদলীয় ছাত্র সংগঠনের বৈঠকে সমঝোতা কমিটি আলোচনার টেবিলে ছাত্র শিবিরকে নিয়ে আসতে পারেনি। ফলে পরিস্থিতির উন্নতি না হওয়ায় এক ঝুঁকিপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে খুলতে যাচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয়। বিবদমান ছাত্র সংগঠন ছাত্রলীগ ও ছাত্র শিবিরের মধ্যে সম্পর্কের উন্নতি ছাড়া ভার্সিটি খুলে দিলে পরিবেশ স্থিতিশীল হবে কিনা তা নিয়ে ছাত্রছাত্রীদের মনে প্রশ্ন জেগেছে। আলোচনার টেবিলে শেষ পর্যন্ত ছাত্রদল যোগদান করলেও মতানৈক্যের মধ্য দিয়ে শেষ হয়েছে উক্ত বৈঠক। বৈঠকে ছাত্রলীগ বলেছে, হলগুলো বন্ধ রেখে ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে হবে। কিন্তু ছাত্রদলসহ ছাত্র ইউনিয়ন, ছাত্র মৈত্রী, প্রভৃতি ছাত্র সংগঠন এই দাবীকে অযৌক্তিক বলে বর্ণনা করেছে। এসব সংগঠসমূহ বলেছে, হলসমূহ বন্ধ থাকলে ভর্তি পরীক্ষার জন্য দেশের দূরদুরান্ত থেকে আগত হাজার হাজার ছাত্রছাত্রী অবর্ণনীয় ভোগান্তির মধ্যে পড়বে। ছাত্র শিবির বলেছে, কর্তৃপক্ষ সুন্দর, সুষ্ঠু পরিবেশে ভার্সিটি খুলে দিতে আন্তরিক নয়। আল কোরআন বিভাগের দুর্নীতির সাথে জড়িত ছাত্রকে শিক্ষক হিসেবে নিয়োগ দিয়ে কর্তৃপক্ষ দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছে। প্রশাসন একের পর এক সন্ত্রাসীদের নিয়োগ দিয়ে ভার্সিটিকে অস্থিতিশীলতার দিকে ঠেলে দিচ্ছে।

গতকাল প্রশাসন ভবনে ভাইস চ্যান্সেলরের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত বৈঠকে ছাত্রদলের সেক্রেটারী কবীর হোসেন ও সাংগঠনিক সম্পাদক হাফিজুর রহমান বাচ্চু ছাত্রলীগের আঃ হানান ও স্বপন এবং ছাত্র ইউনিয়ন ও মৈত্রীর নেতৃবৃন্দ উপস্থিত ছিল। বিশ্ববিদ্যালয়ের সমঝোতা কমিটির পক্ষে আহবায়ক ফয়েজ মোঃ সিরাজুল হক, ছাত্র উপদেষ্টা হারুন-উর-রশীদ আসকারী, প্রক্টর মোঃ সেলিম তোহাসহ অন্যান্য শিক্ষক উপস্থিত ছিলেন।